



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০৩/২০১৯

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রীষ্টাব্দ

সকল নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান  
এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ

প্রিয় মহোদয়,

**অনুপ্রাণানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক  
এবং আইসিটি প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণ গ্রহণের নিমিত্তে EOI দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গত ২৮ মার্চ, ২০১৯ খ্রীষ্টাব্দ/১৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার লেটার  
নং-০১/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইএসএফ অংশীজনদের স্বার্থ সংরক্ষণার্থে বাস্তবতার নিরিখে উক্ত সার্কুলার লেটার এ ইএসএফ নীতিমালা,  
২০১৮ এর অনুচ্ছেদ নং-২২.৩(ক) এর আলোকে প্রকল্প ভূমি/জমির মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনায় নিম্নোক্ত সংশোধনী  
আনয়ন করা হলো :

অনুচ্ছেদ নং	বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
২২.৩ (ক)	.....খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত মৌজা রেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রকল্প ভূমির মূল্য) বা আইসিবিতে বিদ্যমান কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়ন কমিটি ও মঞ্জুরী বোর্ড কর্তৃক নির্ণেয় মোট প্রকল্প ব্যয়ের ৩০% এর মধ্যে যেটি কম সেটি বিবেচিত হবে।	.....খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতের যন্ত্রপাতি নির্ভর প্রকল্পের ভূমি/জমি মূল্যায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত মৌজারেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রকল্প ভূমির মূল্য) বা আইসিবিতে বিদ্যমান কৃষি বিষয়ক প্রকল্প মূল্যায়ন কমিটি ও মঞ্জুরী বোর্ড কর্তৃক নির্ণেয় মোট প্রকল্প ব্যয়ের ১৫% এবং যন্ত্রপাতি নির্ভর প্রকল্প ব্যতিরেকে অন্যান্য প্রকল্পের জন্য ৩০% এর মধ্যে যেটি কম সেটি বিবেচিত হবে।

২৮ মার্চ, ২০১৯ তারিখের সার্কুলার লেটার নং-০১/২০১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোন : ৯৫৩০২১২

E-mail : [parimal.chakraborty@bb.org.bd](mailto:parimal.chakraborty@bb.org.bd)